

অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৫ এর বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ৮০.০০.০০০০.১০৪.৩৯.০০১.২৫- ১৭২

তারিখ : ২০ ভাদ্র ১৪৩২
০৪ সেপ্টেম্বর ২০২৫

১ম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৫ এ অংশগ্রহণে ইচ্ছুক বাংলাদেশ সিভিল সার্ভিসের শিক্ষানবিশ কর্মকর্তা ও নন-ক্যাডার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি] শিক্ষানবিশ কর্মকর্তাদের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ০৭.০৯.২০২৫ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ২২.০৯.২০২৫ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে নির্ভুলভাবে নিবন্ধন সম্পন্ন করতে হবে। অনলাইনে নিবন্ধনের পর 'Applicant's Copy'-র প্রিন্টেড কপি [হার্ড কপি] আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর প্রদানপূর্বক পরীক্ষার পূর্বে বা পরীক্ষার দিন জমা দিতে হবে। নিবন্ধনে প্রদত্ত তথ্যসমূহ অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। কোন ত্রুটিযুক্ত বা ভুল তথ্যের কারণে যে কোন পর্যায়ে অযোগ্য ঘোষণা করা হবে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৩. অনলাইনে নিবন্ধন করার নিয়মাবলি :
বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd ⇨ অনলাইন রেজিস্ট্রেশন/ফলাফল ⇨ বিভাগীয় পরীক্ষা ⇨ Select examination ⇨ Departmental Examination ⇨ Select 1st/2nd ⇨ Half Yearly Select Cadre Typ ⇨ তথ্য প্রদান ⇨ Submit.

Online Form পূরণের ক্ষেত্রে ৪ (চার) টি Section রয়েছে :

Section-1: Personal Details,

Section-2: Service Related Information,

Section-3: Examination Related Information,

Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদান। ছবির ইমেজ ৩০০X৩০০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ১০০ কেবি'র কম এবং স্বাক্ষরের ইমেজ ৩০০X ৮০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ৬০ কেবি'র কম হতে হবে।

পরীক্ষার কেন্দ্র: ঢাকা।

০৪. প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে Admit card (প্রবেশপত্র) ডাউনলোড এবং প্রিন্ট করে সংগ্রহ করতে হবে; যা পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় অবশ্যই প্রদর্শন করতে হবে। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৫. নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্ত [এন-ক্যাডার] করার ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/ প্রজ্ঞাপনের কপি 'Applicant's Copy' [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করে অনলাইনে নিবন্ধন সময়সীমা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে কমিশনে দাখিল করতে হবে; অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৬. অনলাইনে নিবন্ধন করার ক্ষেত্রে কোনো সমস্যা হলে ৫৫০০৬৭১৩ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।



কানিজ ফাতেমা তানিয়া

পরিচালক (উপসচিব)

ফোন : ৫৫০০৬৬২৫

ই-মেইল : directorunit04@bpsc.gov.bd